

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৯০

আগরতলা, ৩০ নভেম্বর, ২০২৪

হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার ২১তম বার্ষিক রাজ্য সম্মেলন
রাজ্যে মেডিক্যাল হাব গড়ে তোলার লক্ষ্যে সরকার উদ্যোগ নিয়েছে : মুখ্যমন্ত্রী



রাজ্যে মেডিক্যাল হাব গড়ে তোলার লক্ষ্যে সরকার উদ্যোগ নিয়েছে। ত্রিপুরায় এখন চিকিৎসা পরিষেবা অনেক উন্নত হয়েছে। কিডনি ট্রান্সপ্লান্ট সফলভাবে সম্পন্ন হচ্ছে। আগামীদিনে রাজ্যে লিভার ট্রান্সপ্লান্ট করারও প্রচেষ্টা নেওয়া হয়েছে। আজ আগরতলার দশরথ দেব মেমোরিয়াল অডিটোরিয়ামে হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরার ২১তম বার্ষিক রাজ্য সম্মেলনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের বর্তমান সরকার স্বাস্থ্য পরিষেবার উন্নয়নে আন্তরিক। উন্নত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে। রাজ্যের মানুষকে আধুনিক স্বাস্থ্য পরিষেবা প্রদানের উদ্দেশ্যে একটি সুপার স্পেশালিটি হাসপাতাল গড়ে তোলারও পরিকল্পনা রয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার মানুষের কল্যাণে কাজ করছে। রাজ্যের চিকিৎসক তথা স্বাস্থ্যকর্মীদের মেধার কোনও অভাব নেই। স্বাস্থ্যক্ষেত্রে বর্তমানে অনেক জটিল সমস্যা ত্রিপুরার চিকিৎসকদের দ্বারা সম্পন্ন হচ্ছে। রেফার রোগীর সংখ্যাও অনেক হ্রাস পেয়েছে। তিনি বলেন, হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা ২০০২ সাল থেকে রাজ্যে স্বাস্থ্য ও সামাজিক কর্মসূচিতে অগ্রণী ভূমিকা পালন করছে। মুখ্যমন্ত্রী এই সংস্থার কাজের ভূয়সী প্রশংসাও করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সহ উপস্থিত অতিথিগণ বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য সংস্থার বিভিন্ন সদস্যের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ও অন্যান্য অতিথিগণ একটি স্মরণিকার আবরণ উন্মোচন করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডা. কে পি দেবনাথ। এছাড়াও বক্তব্য রাখেন সংস্থার সাধারণ সম্পাদক দিবাকর দেবনাথ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা প্রফেসর ডা. সঞ্জীব দেববর্মা, ডা. প্রদীপ ভৌমিক, ডা. এন এল ভৌমিক। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ডা. প্রিয়ব্রত সিনহা।
